

AE(A)

অতিরিক্ত সচিব (প্রশাসন) এম.এ. হোসেন
স্বাধীন সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

জেলা পরিষদ, নেত্রকোণা
ফর্ম নং- ১১৩৩ তারিখ ৩০/১০/১৯
উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র
সংগ্রহ

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫(৩)-১৬-২৩

০৭ কার্তিক ১৪২৬
তারিখ: ২৩ অক্টোবর ২০১৯

বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ ও প্রকল্প পরিবর্তন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে জেলা পরিষদ কর্তৃক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে যথাযথ যাচাই বাছাই ও পরীক্ষা নিরীক্ষা না করে প্রকল্প গ্রহণপূর্বক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয় এবং অর্থ বছর শেষে পূর্বে গৃহিত প্রকল্প পরিবর্তন করে পরিবর্তিত প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। ফলে প্রকল্প অনুমোদনে সময়ক্ষেপন হয় এবং প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়। এছাড়া, স্থানীয় সরকার বিভাগ হতে জেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত এডিপির অর্থ দ্বারা একত্রে প্রকল্প গ্রহণ না করে খণ্ড খণ্ডভাবে বছরব্যাপী প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য এ বিভাগে প্রেরণ করা হয়। এতে প্রকল্প অনুমোদনের সময় অর্থ বছরের মোট বরাদ্দের বিপরীতে অর্থের হিসাব রাখা কঠিন হয়ে পড়ে। একই অর্থ বছরে বার বার প্রকল্প প্রস্তাব প্রেরণের কারণে প্রকল্প বাস্তবায়নেও বিলম্ব হয়।

২। এমতাবস্থায়, প্রকল্প গ্রহণকালে যথাযথ প্রক্রিয়ায় যাচাই বাছাই করে জেলা পরিষদের সিদ্ধান্তসহ প্রকল্প অনুমোদনের নিমিত্ত এ বিভাগে প্রেরণের জন্য ও পরিবর্তিত প্রকল্পের প্রস্তাব প্রেরণ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে স্থানীয় সরকার বিভাগ হতে প্রতি অর্থ বছরে বরাদ্দকৃত এডিপির অর্থ দ্বারা খণ্ড খণ্ডভাবে/ আংশিকভাবে প্রকল্প গ্রহণ না করে একবারে প্রকল্প গ্রহণ করতঃ জেলা পরিষদের সিদ্ধান্তক্রমে এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

J.M.
(ড. জুলিয়া মর্দন)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ----- সকল জেলা।

- অনুলিপি:
- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ৩। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগ
 - ৪। পরিচালক, স্থানীয় সরকার (সকল), বিভাগ
 - ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, ----- সকল জেলা।
 - ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 - ৭। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 - ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

UDA